# সাধারণ বীমা কর্পোরেশন: সরকারের অন্যতম উন্নয়ন সহযোগী

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদুরপ্রসারী ও গতিশীল নেতৃত্বে ১৯৭১ সনের ১৬ ডিসেম্বর পৃথিবীর বুকে 'বাংলাদেশ' নামক স্বাধীন ও সার্বভৌম ভূ-খন্ডের জন্ম লাভ করে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে যুদ্ধ বিধস্ত সদ্য স্বাধীন বাংলাদেশকে সুদৃঢ় অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে বঙ্গবন্ধুর একান্তিক প্রচেষ্টাকে আমরা শ্রদ্ধাভরে স্মরণ করছি। দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন করে একটি কল্যাণমূলক রাষ্ট্র তথা সোনার বাংলা প্রতিষ্ঠা করাই ছিল বঙ্গবন্ধুর লক্ষ্য। সাধারণ বীমা কর্পোরেশন বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত একটি নন-লাইফ বীমা প্রতিষ্ঠান। উল্লেখ্য যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ষাটের দশকে তৎকালীন নন-লাইফ বীমা কোম্পানী আলফা ইন্স্যুরেন্স কোম্পানীতে 'কন্ট্রোলার অব এজেন্সীস' পদে পূর্ব পাকিস্তানের প্রধান হিসেবে কর্মরত ছিলেন। স্বাধীনতা পরবর্তীকালে জাতীয়করণের অংশ হিসেবে ১৯৭২ সনে সর্বমোট ৫টি (লাইফ ও নন-লাইফ সমন্বয়ে) বীমা কর্পোরেশন গঠিত হলেও পরবর্তীতে উক্ত আলফা ইন্স্যুরেন্স কোম্পানীসহ পূর্ব পাকিস্তান অংশের ৪৯টি নন-লাইফ বীমা কোম্পানী এবং পাকিস্তান ইন্স্যুরেন্স কর্পোরেশনের (পিআইসি) সমন্বয়ে (পূর্ব পাকিস্তান অংশ) ১৯৭৩ সালে 'The Insurance Corporation Act VI, 1973' বলে নন-লাইফ বীমা ব্যবসা পরিচালনা করার জন্য সাধারণ বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা লাভ করে। বঙ্গবন্ধু তাঁর ঘনিষ্ঠ বন্ধু ও বিশিষ্ট বীমা ব্যক্তিত্ব জনাব গোলাম মাওলাকে সাধারণ বীমা কর্পোরেশনের প্রথম ম্যানেজিং ডাইরেক্টর হিসেবে নিয়োগ প্রদান করেন।

Insurance Corporartion Act-১৯৭৩ (১৯৭৩ সনের ১৪ মে Act VI) এর মাধ্যমে সাধারণ বীমা কর্পোরেশন প্রতিষ্ঠিত হয়। উক্ত Insurance Corporartion Act-১৯৭৩ রহিতক্রমে পরিমার্জনপূর্বক সময়োপযোগী করে ২০১৯ সনের ৯মে জারীকৃত বীমা কর্পোরেশন আইন'২০১৯ (২০১৯ সনের ৮ নং আইন) দ্বারা সাধারণ বীমা কর্পোরেশন পরিচালিত। সাধারণ বীমা কর্পোরেশন সম্পূর্ন রাষ্ট্রীয় মালিকানাধীন একটি নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান। সাধারণ বীমা কর্পোরেশন সর্ববৃহৎ নন-লাইফ বীমাকারী ও একমাত্র পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসেবে নন-লাইফ সেক্টরে সর্বদা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

সাধারণ বীমা কর্পোরেশন একটি শক্তিশালী অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত। সংস্থার অনুমোদিত মূলধন ১০০০ (এক হাজার) কোটি টাকা এবং পরিশোধিত মূলধন ৫০০ (পাঁচশত) কোটি টাকা। বিগত ২০১৯ ও ২০২০ সালে সরাসরি প্রিমিয়াম আয় যথাক্রমে ৩৭০.০৭ ও ৩৪৫.৯১ কোটি টাকা। বিগত ২০১৯ ও ২০২০ সালে পুনঃ বীমা প্রিমিয়াম আয় যথাক্রমে ৯৩০.১০ ও ৯৪৯.৪৭ কোটি টাকা অর্জিত হয়েছে।

সাধারণ বীমা কর্পোরেশন-এর জন্মলগ্ন থেকেই প্রচলিত বীমা স্কীমের পাশাপাশি বিভিন্ন প্রকার জনকল্যাণমূলক বীমা স্কীম যেমন এক্সপোর্ট ক্রেডিট গ্যারান্টি স্কীম, মারাত্মক ব্যাধি বীমা, বিদেশে অবস্থানকালীন চিকিৎসা ব্যয় বীমা, ব্যক্তিগত দুর্ঘটনা বীমা, শস্য ও গবাদি পশু বীমা সহ আরোও বেশ কিছু অলাভজনক জনকল্যাণ মূলক বীমা ঝুঁকি গ্রহণ করে আসছে।

রাষ্ট্রনায়ক শেখ হাসিনা সরকারের নানামূখী উন্নয়ন কর্মকান্ড ও উদ্যোগের ফলে বাংলাদেশ আজ উন্নত দেশের দ্বারপ্রান্তে। উন্নত দেশ হওয়ার পথে সরকারের গৃহীত মেগাপ্রকল্পসমূহ যথা পদ্মা সেতু; মেট্রো রেল; বঙ্গবন্ধু স্যাটেলাইট-১; রুপপুর পারমানবিক বিদ্যুৎ, মাতারবাড়ি বিদ্যুৎ কেন্দ্রসহ অন্যান্য বিদ্যুৎ কেন্দ্র; দোহাজারি থেকে টেকনাফ পর্যন্ত ডুয়েলগেজ রেললাইনসহ অন্যান্য প্রকল্প; কর্ণফুলি নদীর তলদেশে নির্মিত বঙ্গবন্ধু টানেল; বাংলাদেশ বিমানের নতুন-পুরাতন সকল বিমান বহর; বিসিআইসি'র বিভিন্ন সারকারখানাসহ সকল প্রকল্প; বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের বিভিন্ন প্রকল্পসহ সরকারি সকল সম্পদ ও প্রকল্পের বাস্তবায়ন সফল করতে সব ধরনের বীমা ঝুঁকি গ্রহণ করে সাধারণ বীমা কর্পোরেশন বিশেষ ভূমিকা পালন করছে। এসব প্রকল্পের বিদেশে পুনঃবীমা করে কর্পোরেশন ঝুঁকি বন্টনের কাজ করেছে।

# সরকারের বিভিন্ন প্রজেক্টে সাধারণ বীমা কর্পোরেশন বীমা ঝুঁকি আবরিত করা সকল প্রজেক্টসমূহের এর সচিত্র তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলোঃ

# “উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ”

এ উন্নয়নের অগ্রযাত্রায় আজ বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হচ্ছে। আর এ উন্নয়নের অংশ হিসেবে সরকারের মেগা প্রকল্পসমূহ চলমান রয়েছে। সরকারের এ মেগা প্রকল্পসমূহের অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করেছে

সাধারণ বীমা কর্পোরেশন।

## তাই সরকারের উন্নয়নের অংশীদার হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন পরিবার গর্বিত।


মাতারবাড়ী কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র


সিঙ্গেল লাইন ডুয়েল গেজ রেলপথ দোহাজারী থেকে কক্সবাজার


পদ্মা ব্রিজ রেল লিংক


রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট


বঙ্গবন্ধু টানেল


মেট্রো রেল

রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

**সাধারণ বীমা কর্পোরেশন**

**SADHARAN BIMA CORPORATION**

*(The Symbol of Economic Security)*

# “উন্নয়নের অগ্রযাত্রায় দৃশ্যমান পদ্মা সেতু”

সরকারের উন্নয়নের অগ্রযাত্রায় গতি এনেছে সকল **মেগা প্রকল্প**।
এ সকল বৃহৎ প্রকল্পসমূহের মধ্যে অন্যতম **পদ্মা সেতু**।
সরকারের পদ্মা সেতু প্রকল্পের যে কোন দুর্ঘটনার অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করেছে

## সাধারণ বীমা কর্পোরেশন।

**তাই সরকারের উন্নয়নের অংশীদার হিসেবে
সাধারণ বীমা কর্পোরেশন পরিবার গর্বিত।**




রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

## সাধারণ বীমা কর্পোরেশন
## SADHARAN BIMA CORPORATION

*(The Symbol of Economic Security)*

# "উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ"

এ উন্নয়নের অগ্রযাত্রায় গতি এনেছে সকল **মেগা প্রকল্প।**
এ সকল বৃহৎ প্রকল্পসমূহের মধ্যে অন্যতম **রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট।**
সরকারের এ মেগা প্রকল্পের অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করেছে

## সাধারণ বীমা কর্পোরেশন

**তাই সরকারের উন্নয়নের অংশীদার হিসেবে**
**সাধারণ বীমা কর্পোরেশন পরিবার গর্বিত।**



রূপপুর নিউক্লিয়ার পাওয়ার প্লান্ট

রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান

## সাধারণ বীমা কর্পোরেশন
## SADHARAN BIMA CORPORATION

*(The Symbol of Economic Security)*

সরকারের উন্নয়ন সহযোগী হতে পেরে আমরা গর্বিত। সাধারণ বীমা কর্পোরেশন এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

**মাহবুব সোবহান সুমন**
**ডেপুটি ম্যানেজার**
**মানবসম্পদ বিভাগ**
**প্রধান কার্যালয়**
**সাধারণ বীমা কর্পোরেশন**